

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)

কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।

বাংলাদেশ সেনাযাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজিতে নিম্নবর্ণিত বেসামরিক কর্মচারী পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	কর্মস্থল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	ল্যাবরেটরী সহকারী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ	০২	কাদিরাবাদ সেনানিবাস	(ক) ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিকস/পাওয়ার ইঞ্জিনিয়ারিং (খ) সংশ্লিষ্ট বিষয়ে সিজিপিএ ৪ এর স্কেলে ৩.০০ অথবা তদোর্ধ্ব থাকতে হবে। (গ) কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। (ঘ) বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধীকার দেওয়া হবে। (ঙ) সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর।

দরখাস্তের নিয়মাবলী :

- ১। ল্যাবরেটরী সহকারী পদে আগ্রহী প্রার্থীদের জীবনবৃত্তান্তসহ স্বহস্তে লিখিত এক কপি আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- ২। ল্যাবরেটরী সহকারী পদে আগ্রহী প্রার্থীদের জীবনবৃত্তান্তসহ আবেদনপত্র রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ সেনানিবাস, দয়ারামপুর, নাটোর বরাবরে ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রপ্তানি ছবিসহ পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৩। আবেদনপত্র দাখিলের শেষ তারিখে সংশ্লিষ্ট পদের জন্য আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা নির্ধারিত বলে গণ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নহে।
- ৪। উল্লেখিত সকল পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ৬। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৭। সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার সময়সূচী পরে জানান হবে।
- ৮। আবেদনপত্রের খামের উপর আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৯। মৌখিকপরীক্ষা/সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের মূলকপি উপস্থাপন করতে হবে।
- ১০। সাক্ষাৎকার/মৌখিকপরীক্ষার জন্য আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।
- ১১। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১২। নিয়োগ প্রক্রিয়ার কোন পর্যায়ে প্রার্থীর পক্ষে কোন প্রত্যক্ষ কিংবা পরোক্ষ সুপারিশ/তদবির করা হলে সংশ্লিষ্ট প্রার্থীকে সরাসরি অযোগ্য বলে বিবেচনা করা হবে।
- ১৩। যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৪। পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- ১৫। সকল পদে বেতন আলোচনা সাপেক্ষে।
- ১৬। অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট www.bauet.ac.bd তে অনুসন্ধান করা যেতে পারে।

অতিরিক্ত রেজিস্ট্রার
BAUET, কাদিরাবাদ

বিতরণঃ

সকল নোটিশ বোর্ড

স্টেশন সদর দপ্তর কাদিরাবাদ

BAUET, ওয়েবসাইট

অনুলিপিঃ

ট্রেজারার

BAUET, কাদিরাবাদ